ছোট বড়কে, চলমান বসে থাকা ব্যক্তিকে এবং অল্প সংখ্যক অধিক সংখ্যককে সালাম দিবে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “ছোট বড়কে, চলমান বসে
থাকা ব্যক্তিকে এবং অল্প সংখ্যক অধিক সংখ্যককে সালাম দিবে।” অপর বর্ণনায় রয়েছে: “আরোহী পায়ে হাঁটা ব্যক্তিকে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সালাম আরম্ভ করার ক্ষেত্রে মুস্তাহাব নিয়ম কী সে সম্পর্কে হাদীসটি সংবাদ দিচ্ছে। ফলে তাতে চারটি নিয়ম আলোচনা করা হয়। এক, “ছোট বড়কে তার সম্মান রক্ষার্তে সালাম দিবে। দুই. পায়ে হাঁটা ব্যক্তি বসে থাকা ব্যক্তিকে প্রথমে সালাম দিবে। কারণ, সে তার জন্য আগমনকারী মতো। তিন. সংখ্যায় যারা বেশি যারা কম তাদের তুলনা হকদার বেশি। তাই অল্প সংখ্যক লোক অধিক সংখ্যক লোককে সালাম দিবে। চার. আরোহী ব্যক্তি একটি শ্রেষ্ঠত্ব রয়েছে। তাই প্রথমে সালাম দেওয়ার মাধ্যমে আল্লাহ তার ওপর যে অনুগ্রহ করেছে তার কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5352